গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ঔষধ প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং ৪৫.০০.০০০০.০০০.১৮২.১১.০০২৮.২৬-৩৫৬

তারিখ: ১৫-নভেম্বর ১৪৩৩ বঙ্গাব্দ
৩০-কার্তিক ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২০ মে ২০২৬ খ্রি. তারিখের ৮০.০০.০০০০.২০২.৬৪.০৩৩.২৩ (অংশ)-৭২ নম্বর স্মারকের সুপারিশক্রমে এবং ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১২ এর আলোকে জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুসারে টাকা ৪৪০০০-১০৫৯০০/- বেতনক্রমে (গ্রেড-৯) স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন ঔষধ প্রশাসন অধিদপ্তরের "ঔষধ তত্ত্বাবধায়ক" (নন-ক্যাডার) পদে নিম্নোক্ত ১৭ (সতের) জন প্রার্থীকে শূন্য পদের বিপরীতে শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রঃ নং	মেধাক্রম	রেজি: নম্বর	নাম, পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	নিজ জেলা
১	১	11035081	অসীম কুমার রায়, পিতা: প্রভাস চন্দ্র রায়, মাতা: মীনা রানী রায়	গ্রাম: দেওডোবা, ডাকঘর: নামুড়ীরহাট, উপজেলা: আদিতমারী	লালমনিরহাট
২	২	11145453	রনি দাশ পিতা: সুমেন্দ্র দাশ, মাতা: আরতী রানী দাশ	গ্রাম: মদন মুরত, ডাকঘর: গুনই, উপজেলা: বানিয়াচং	হবিগঞ্জ
৩	৩	11060157	মো: আব্দুল্লা আল মামুন, পিতা: মো: রফিকুল ইসলাম, মাতা: রেখা বেগম	গ্রাম: গুড়িগ্রাম, ডাকঘর: বিটঘর, উপজেলা: নবীনগর	ব্রাহ্মণবাড়িয়া
৪	৪	11123566	মোঃ মাহফিজুর রহমান পিতা: মোঃ ময়নাল হোসেন, মাতা: জোসনা খাতুন	গ্রাম: পশ্চিম ঝিনাইদহ, ডাকঘর: গান্নাবাজার, উপজেলা: ঝিনাইদহ সদর	ঝিনাইদহ
৫	৫	11013591	মোঃ কামরুল হাসান পিতা: মোঃ আবুল কালাম আজাদ, মাতা: আলপিনা খাতুন	বাসা/হোল্ডিং: ০৪, গ্রাম: ইসলামপুর, , ডাকঘর: খিচা২২০০, উপজেলা: তারাকান্দা	ময়মনসিংহ
৬	৬	11060659	মোঃ আক্তারুজ্জামান জনি, পিতা: মোঃ জাহাঙ্গীর হোসেন মাতা: মোছাঃ মোমেনা খাতুন	গ্রাম: মানিকদীর , ডাকঘর: সুজানগর, উপজেলা: সুজানগর	পাবনা
৭	৭	11032688	মোল্লা রবিউল ইসলাম পিতা: মোল্লা আব্দুস সামাদ মাতা: মিনারা বেগম	গ্রাম: বহরবৌলা, ডাকঘর: শ্রীপুর বনগ্রাম, উপজেলা: মোড়লগঞ্জ	বাগেরহাট
৮	৮	11067833	মোঃ মুরাদ হোসেন পিতা: মোঃ দেলোয়ার হোসেন মাতা: লাইলী বেগম	টিচার্স টাওয়ার, গ্রাম: বেঁজগাও, ডাকঘর: শ্রীনগর, উপজেলা: শ্রীনগর	মুন্সিগঞ্জ
৯	৯	11122221	ডি এম রাতুল অনিক পিতা: দেওয়ান আজগর মাতা: কহিনূর আজগর	গ্রাম: যাদবপুর, ডাকঘর: যাদবপুর (১৩৪৫), উপজেলা: ধামরাই	ঢাকা
১০	১০	11056956	মোঃ আশিকুর রহমান পিতা: মোঃ আবুল কালাম আজাদ, মাতা: রোকেয়া বেগম	গ্রাম: হোমায়েতখালী, পোস্ট অফিস: হোগলাডাঙ্গী, উপজেলা: কালুখালী	রাজবাড়ী
১১	১১	11055718	মোহাম্মদ রইছ উদ্দিন পিতা: রফিক উদ্দিন, মাতা: সাজেদা আক্তার	গ্রাম: এনায়েতপুর, পোস্ট অফিস: সিলোনীয়া বাজার, থানা: দাগণভূঞা	ফেনী
১২	১২	14001953	ফারজানা আকতার পিতা: মোঃ মনজুর আহমেদ মাতা: সালমা খাতুন	গ্রাম: শ্রীরামপুর, ডাকঘর: নারিকেলবাড়িয়া-৭৪৭০, উপজেলা: বাঘারপাড়া	যশোর
১৩	১৩	11055089	মুহাম্মদ ফেরদৌসুর রহমান পিতা: মুহাম্মদ মোখলেছুর রহমান মাতা: হোসনেয়ারা বেগম	গ্রাম: পিপিয়া, পোস্ট অফিস: রাজারগাঁও বাজার, উপজেলা: হাজীগঞ্জ	চাঁদপুর

ক্রঃ নং	মেধাক্রম	রেজি: নম্বর	নাম, পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	নিজ জেলা
১৪	১৪	11122627	পিয়াস পাল পিতা: মৃত: বারিন্দ্র কৃষ্ণ পাল মাতা: শেফালী রানী পাল	বাসা নং-০৬৭৬, গ্রাম: হরদয়াল রোড, পালপাড়া, নতুন বাজার, চাঁদপুর সদর	চাঁদপুর
১৫	১৬	11076216	সৈকত মিয়া পিতা: হযরত আলী, মাতা: বাছিরুন নেছা	গ্রাম: আউখাব, পোস্ট অফিস: ভূলতা-১৪৬২, উপজেলা: রূপগঞ্জ	নারায়ণগঞ্জ
১৬	১৭	11009923	মিথিলা হক পিতা: মোঃ মনিরুল হক মাতা: সাবেরা খাতুন	গ্রাম: উত্তর বাউশিয়া, ডাকঘর: মেঘনা-৩৫১৫, উপজেলা: মেঘনা	কুমিল্লা
১৭	১৮	11056490	সাদী মোহাম্মদ রনি পিতা: মোঃ টিপু মাতা: মোছাঃ সিমা	বাসা নং: ০২৪৪-০০০১, গ্রাম: চকছাতীয়ানী, পাবনা পৌরসভা, পোস্ট কোড: ৬৬০০, পাবনা সদর	পাবনা

শর্তসমূহ :

(ক) প্রচলিত আইন, বিধি ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য আইন ও বিধি-বিধান দ্বারা চাকরি সংক্রান্ত সকল বিষয় নিয়ন্ত্রিত হবে;

(খ) প্রাথমিকভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার চাকরির প্রথম ০২ (দুই) বছর শিক্ষানবিসকাল (Probation) হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিসকাল ২ (দুই) বছর বর্ধিত করতে পারবে;

(গ) শিক্ষানবিসকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(ঙ) প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামিনদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(চ) চাকুরি থেকে ইস্তফা দেয়ার ক্ষেত্রে তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপঅনুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ দি পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীর যোগ্যতার ঘাটতি যে কোন সময় ধরা পড়লে বা প্রার্থী দুর্নীতি বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে বা অসত্য তথ্য প্রদান করলে বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে। চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশিত বা প্রমাণিত হলে তাঁকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তাঁর বিরুদ্ধে প্রশাসনিক ও ফৌজদারি আইনে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

জ) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে তাঁর নিয়োগ বাতিল হবে এবং প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে;

(ঝ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে দেশের যে কোন স্থান/কর্মস্থলে বদলি করা যাবে;

(ঞ) এ বিজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ট) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঠ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ড) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

(ঢ) The Government Servants (Conduct) Rules, 1979 এর বিধি ১৩ এর উপবিধি (১) অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;

২। অনুচ্ছেদ-০১ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০৭ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ/২২ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবর যোগদান করার জন্য তাঁকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তাঁর ক্ষেত্রে প্রযোজ্য নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৩। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৫/১১/২০২৬

ড.আ.ন.ম. বজলুর রশীদ
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

স্মারক নং ৪৫.০০.০০০০.০০০.১৮২.১১.০০২৮.২৬- ৩৫৬

তারিখ: ৯৫-নভেম্বর ১৪৩৩ বঙ্গাব্দ
৩০-কার্তিক ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক ২০ (বিশ) কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ]।
৫। মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (প্রতি মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭। প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (বিশেষ সহকারীর সদয় অবগতির জন্য)।
৮। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। জনাব .....।
১২। অফিস কপি/ব্যক্তিগত নথি।

১৫/১১/২৬

(রাফিকুজ্জামান)
উপসচিব
ফোন-০২৫৫১০১৩৫১
ই-মেইল drugad1@hsd.gov.bd